গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন- ৫ শাখা
www.mor.gov.bd

নম্বর- ৫৪.০০.০০০০.০৪০.১৮.০২০.১৮.৪৮

তারিখ: ০৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৭ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৪ এ অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের আবেদনপত্র প্রেরণ**

সূত্র: বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় এর পত্র নং- ৮০.০০.০০০০.১০৪.৩৯.০০৩.২৪-৮৬(২৫), তারিখ: ০২.০৪.২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২। উক্ত পত্রে উল্লিখিত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং অনলাইনে আবেদনপত্র দাখিলের পর শুধুমাত্র প্রিন্টেড ০২ প্রস্থ (হার্ড কপি) আগামী ১৯ মে, ২০২৪ তারিখের (রবিবার) মধ্যে প্রশাসন-৫ শাখার দৃষ্টি আকর্ষণ করে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

১৭/০৪/২০২৪

(উজ্জ্বল কুমার ঘোষ)
উপসচিব
☏+৮৮০২৪১০৫২৭০৮
admin5@mor.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা *(বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় হতে প্রাপ্ত পত্র রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)*
৩। বিভাগীয় সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা *(বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় হতে প্রাপ্ত পত্র বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)*
৪। নথি/অফিস কপি

| সিএসটিই (টেলিকম) এর দপ্তর | |
|---|---|
| অতিঃ সিএসটিই (টেলিকম) | |
| ডিএসটিই (টেলিকম) সদর | |
| ডিডি (টেলিকম) | |
| ডিডি (সিগঃ), এডি (আইটি) | |
| এসএসএই/হার্ডওয়্যার, জেনারেল | |
| ডায়েরি নং ৫৫১৭ তারিখঃ ১৭/৪/২৪ সময় | |

DSTE
DD/Tel.
সকলকে অবহিত করুন।
১৭/৪/২০২৪

UDA/IT

সচিবের দপ্তর
রেলপথ মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রঃ/উন্নঃ/পরিঃ/বাজেট/আইন/অডিট)
যুগ্মসচিব (প্রশাঃ/উন্নঃ/ভূমি/আইন/অডিট/বাজেট)
কাউন্সিল অফিসার
ডাইরী নং- ২৫২৬
তাং- ০৯/০৪/২০২৪
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর : ৮০.০০.০০০০.১০৪.৩৯.০০৩.২৪- ৮৬ (২৫)

বিষয় : অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৪ এ অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।

| | |
|---|---|
| ২৫ | সচিব<br>রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিসের শিক্ষানবিস কর্মকর্তা ও নন- ক্যাডার [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের শিক্ষানবিশ সহকারী সচিব (ড্রাফটিং), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি/ অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার, শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কারিগরি/ অকারিগরি] শিক্ষানবিস কর্মকর্তাদের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৪ এর বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

২. পরীক্ষায় অংশগ্রহণের জন্য অবশ্যই আগামী ২১ এপ্রিল, ২০২৪ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ১৬ মে, ২০২৪ তারিখ দিবাগত রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে নির্ভুলভাবে নিবন্ধন সম্পন্ন করতে হবে। অনলাইনে নিবন্ধনের পর 'Applicant's Copy'-র প্রিন্টেড কপিতে [হার্ড কপি] আবেদনকারী এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর প্রদানপূর্বক পরীক্ষার পূর্বে বা পরীক্ষার দিন জমা দিতে হবে। আবেদন করার লিংক: www.bpsc.gov.bd

৩. নন-ক্যাডার থেকে সিভিল সার্ভিসে অন্তর্ভুক্ত (এন-ক্যাডার) হওয়ার ক্ষেত্রে যথানিয়মে ক্যাডারভুক্তকরণের সরকারি আদেশ (জিও) নিবন্ধনের সময় শেষ হবার ০৭(সাত) দিনের মধ্যে 'Applicant's Copy'-র প্রিন্টেড কপির সাথে কমিশনে প্রেরণ করতে হবে। অন্যথায় তাদের পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না।

৪. এ সাথে সংযুক্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ্ধতি অনুসরণ করত: অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৪ এ অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা অনুযায়ী বিজ্ঞপ্তির ১ (এক) কপি।


২/৪/২৪
মোহাম্মদ জহিরুল ইসলাম
পরিচালক
ফোন : ৫৫০০৬৬২৫
ই-মেইল : directorunit04@bpsc.gov.bd


যুগ্মসচিব প্রশাসনের দপ্তর
রেলপথ মন্ত্রণালয়
উপসচিব (প্রশাসন)-১/২/৩/৪/৫/৬
সি. সহ. সচিব (প্রশা.)-১/২/৩/৪/৫/৬
হিসাবরক্ষণ কর্মকর্তা
ডায়েরী নং- ৪২৭
তারিখঃ ১৫/০৪/২৪
স্বাক্ষরঃ

প্রশাসন-৫ শাখা
ডায়েরী নং...৪৭
তারিখ...১৫/০৪/২০২৪

Advertiesment of Departmental Exam

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

## অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৪ এর বিজ্ঞপ্তি

নম্বর-৮০.০০.০০০০.১০৪.৩৯.০০৩.২৪-৮৫ তারিখ : ০২.০৪.২০২৪

**অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২৪** এ অংশগ্রহণে ইচ্ছুক বাংলাদেশ সিভিল সার্ভিসের শিক্ষানবিস কর্মকর্তা ও নন-ক্যাডার [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সহকারী সচিব (ড্রাফটিং), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি/অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার, শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কারিগরি/অকারিগরি] শিক্ষানবিস কর্মকর্তাদের নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা হচ্ছে।

০২. **পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগামী ২১ এপ্রিল, ২০২৪ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ১৬ মে, ২০২৪ তারিখ দিবাগত রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে নির্ভুলভাবে নিবন্ধন সম্পন্ন করতে হবে।** অনলাইনে নিবন্ধনের পর 'Applicant's Copy'-র প্রিন্টেড কপিতে [হার্ড কপি] আবেদনকারী এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর প্রদানপূর্বক পরীক্ষার পূর্বে বা পরীক্ষার দিন জমা দিতে হবে। নিবন্ধনে প্রদত্ত তথ্যসমূহ অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। কোন ত্রুটিযুক্ত বা ভুল তথ্যের কারণে যে কোন পর্যায়ে অযোগ্য ঘোষণা করা হবে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকা ও বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

০৩. **অনলাইনে নিবন্ধন করার নিয়মাবলি :**
বাংলাদেশ সরকারী **কর্ম কমিশনের** ওয়েব সাইট www.bpsc.gov.bd ⟹ অনলাইন রেজিস্ট্রেশন/ফলাফল ⟹ বিভাগীয় পরীক্ষা ⟹ Select examination ⟹ Departmental Examination ⟹ Select 1st/2nd ⟹ Half Yearly Select Cadre Type ⟹ তথ্য প্রদান ⟹ Submit.
Online Form পূরণের ক্ষেত্রে ৪ (চার)টি Section রয়েছে :

*Section-1:* Personal Details.
*Section-2:* Service Related Information,
*Section-3:* Examination Related Information,
*Section-4:* ছবি এবং স্বাক্ষর প্রদান। **ছবির ইমেজ** ৩০০X৩০০ পিক্সেলস (pixels), ফাইল সাইজ ১০০ কেবি'র কম এবং স্বাক্ষরের ইমেজ ৩০০X ৮০ পিক্সেলস (pixels), ফাইল সাইজ ৬০ কেবি'র কম হতে হবে।
**পরীক্ষার কেন্দ্র: ঢাকা।**

০৪. পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে যোগ্য ও অযোগ্য প্রার্থীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইট হতে Admit card (প্রবেশপত্র) ডাউনলোড এবং প্রিন্ট করে সংগ্রহ করতে হবে; যা পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় অবশ্যই প্রদর্শন করতে হবে। অন্যথায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

০৫. **নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্ত [এন-ক্যাডার] করার ক্ষেত্রে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/ প্রজ্ঞাপনের কপি 'Applicant's Copy' [হার্ডকপি] এর সাথে সংযুক্ত করে অনলাইনে নিবন্ধন সময়সীমা শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে কমিশনে দাখিল করতে হবে; অন্যথায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।**

০৬. অনলাইনে নিবন্ধন করার ক্ষেত্রে কোনো সমস্যা হলে ৫৫০০৬৭১৩ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

২/৪/২৪
**মোহাম্মদ জহিরুল ইসলাম**
পরিচালক
ফোন : ৫৫০০৬৬২৫
ই-মেইল : directorunit04@bpsc.gov.bd